তারিখ ..07.NOV.2015...
পৃষ্ঠা ...১৪... কলাম....৪......

যুগান্তর

স্বাচিপ সম্মেলন ১৩ নভেম্বর

# ভোট দুর্বৃত্তায়ন ঠেকাতে একজোট সাবেক মেডিকেল ছাত্রলীগ

যুগান্তর রিপোর্ট

যে কোনো উপায়ে জামায়াত-শিবিরমুক্ত স্বাচিপ করতে একজোট হয়েছেন দেশের বড় ও পুরাতন ৬টি মেডিকেল কলেজের ছাত্রলীগের সাবেক নেতারা। মঙ্গলবার বেলা ১১টায় বিএসএমএমইউর মিলন হলে তারা এ বিষয়ক সিদ্ধান্ত গ্রহণে এক বৈঠকে মিলিত হন। বৈঠকে যারা আওয়ামী পরিবার বা ছাত্রলীগের রাজনীতি না করেই স্বাচিপের সদস্য পদ পেয়েছেন তাদের ভোটদানে বিরত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট একটি সূত্র জানায়, মঙ্গলবার সকালে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের মিলন হলে স্বাচিপের সম্মেলনকে কেন্দ্র করে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় দেশের পুরাতন ও বড় ছয়টি সরকারি মেডিকেল কলেজের বিভিন্ন সময়ের ছাত্রলীগের সভাপতি-সাধারণ সম্পাদক, ভিপি-জিএসসহ বিভিন্ন পর্যায়ের প্রায় ৭ শতাধিক নেতাকর্মী অংশগ্রহণ করেন। সভায় সর্বসম্মতিক্রমে আসন্ন সম্মেলনে সভাপতি পদে ডা. মোস্তফা জালাল মহিউদ্দিনের নাম ঘোষণা করা হয়।

সভায় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন স্বাচিপের সহসভাপতি অধ্যাপক ডা. কনককান্তি বড়ুয়া, বিএসএমএমইউর ভিসি অধ্যাপক ডা. কামরুল হাসান খান, সাংগঠনিক সম্পাদক ডা. জহুরুল হক সাচ্চু, ডা. চিত্তরঞ্জন দাস, বরিশাল মেডিকেল কলেজের সাবেক ছাত্রলীগ সভাপতি ডা. মোকলেস উজ জামান হিরু, স্বাচিপ নেতা আবু জাফর চৌধুরী বিরু, ডা. আহসান হাবিব, রেজাউল আমিন টিটো, ডা. নাজির মোল্লা, ঢাকা মেডিকেল কলেজের স্বাচিপের যুগ্ম আহ্বায়ক ডা. হাসান, ডা. রায়হান, ডা. আসাদুজ্জামান খান রিন্টু। এছাড়া হোস্টেল কমিটির নেতা ডা. মামুন, ডা. বারী, ডা. সুমন প্রমুখ। সভার আলোচনা সম্পর্কে স্বাচিপের প্রতিষ্ঠাতা সদস্য নিউরোসার্জন ডা. মোহাম্মদ জাহাঙ্গীর আলম যুগান্তরকে বলেন, আমরা জামায়াত-শিবিরমুক্ত স্বাচিপ চাই। রাজাকারমুক্ত স্বাচিপ চাই। ১৩ হাজারেরও অধিক ভোটারকে এসএমএসের মাধ্যমে এ সিদ্ধান্ত জানিয়ে দেয়া হবে।